# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট
কে.এস.আর টাওয়ার, বোরহান উদ্দিন রোড, মেন্দিবাগ পয়েন্ট, সিলেট

www.customs.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর-০৮.০১.৬০০০.০০৪.০৫.০০১.২৩/৫৮ তারিখ - ০৩/০১/২০২৪ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.১১.০২১.২২.৩০৫; তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://sylvat.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | পরিসংখ্যান অনুসন্ধায়ক<br>গ্রেড-১২<br>(টাকা ১১৩০০-২৭৩০০) | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/অর্থনীতি/গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে মাস্টার্স ডিগ্রি/স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | সিলেট, মৌলভীবাজার সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ। |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>(টাকা ১০২০০-২৪৬৮০) | ১১ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ | |
| ৩. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪<br>(টাকা ১০২০০-২৪৬৮০) | ০২ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। তবে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(খ) চাকুরীতে যোগদানের সময় বিধি মোতাবেক প্রয়োজনীয় নিরাপত্তা জামানত দিতে হবে। | |
| ৪. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>(টাকা ১০২০০-২৪৬৮০) | ০১ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ৫. | ড্রাফটসম্যান-২<br>গ্রেড-১৪<br>(টাকা ১০২০০-২৪৬৮০) | ০১ | সরকার স্বীকৃত কোনো ইনস্টিটিউট থেকে ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমাসহ কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৬. | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>(টাকা ৯৩০০-২২৪৯০) | ০৩ | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>গ) অভিজ্ঞতাসম্পন্ন গাড়িচালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৭. | সিপাই<br>গ্রেড-১৭<br>(টাকা ৯০০০-২১৮০০) | ৪২ | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ:<br>খ) উচ্চতা: পুরুষ-৫ ফুট ৪ ইঞ্চি মহিলা-৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ-৩০-৩২ ইঞ্চি (উভয় ক্ষেত্রে)। | |
| ৮. | ফটোকপি অপারেটর<br>গ্রেড-১৮<br>(টাকা ৮৮০০-২১৩১০) | ০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ৯. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(টাকা ৮২৫০-২০০১০) | ০৪ | অষ্টম শ্রেণি পাশ | |
| ১০. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(টাকা ৮২৫০-২০০১০) | ০৩ | অষ্টম শ্রেণি পাশ | |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ক) ৩১/১২/২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
খ) তবে ক্রমিক নং-২ ও ৪নং পদে নিয়োগে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থী বলতে এরূপ কর্মচারীকে বুঝাবে যিনি সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর-এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিত আছেন।

২. বিভিন্ন সময়ে উক্ত পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি এ দপ্তরের ওয়েবসাইটে (www.customs.sylhetdiv.gov.bd) প্রকাশিত হবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৪. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে এবং সরকার কোটা বিষয়ে যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া সেভাবে সম্পন্ন হবে।

৫. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে; এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র, প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৬. লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে শারীরিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের/কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের অনুলিপি দাখিল করতে হবে। অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে:
(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদপত্র ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;
(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।
(ঙ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি (ন্যূনতম ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ) এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যার পিতা মাতার/পুত্র কন্যাগণের পিতার পিতা মাতা/মাতার পিতা মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।
(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদপত্র এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনি হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র ও আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
(ছ) ক্রমিক নং-৬ এ বর্ণিত গাড়িচালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
(জ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

৭. অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন—বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোনো বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. লিখিত এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, শারীরিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটের ওয়েবসাইটে (www.customs.sylhetdiv.gov.bd) পাওয়া যাবে।

৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১১. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :
(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://sylvat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন । আবেদনের সময়সীমা নিম্নরূপ :
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০১/২০২৪ খ্রি., সকাল ০৯:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/০২/২০২৪ খ্রি., বিকাল ০৩:০০ ঘটিকা উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন।
(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই)টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ৩৫ (পঁয়ত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৫ (তিনশত পঁয়ত্রিশ) টাকা, ২নং থেকে ৬নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০ (দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৭নং থেকে ১০নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০ (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বারো) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: SYLVAT<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: SYLVAT ABCDEF
Reply: Applicant's Name, TK-112/223/335 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SYLVAT<space> Yes <space> PIN and send to16222.

দ্বিতীয় SMS: SYLVAT<space>Yes<space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: SYLVAT YES 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for SYLVAT Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx)..

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sylvat.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন ।
(i) User ID জানা থাকলে : SYLVAT<space>Help<space>User<space>UserID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: SYLVAT Help User ABCDEF
(ii) PIN Number জানা থাকলে: SYLVAT<space>Help<space>PIN<space>PIN Number লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: SYLVAT Help PIN 12345678
(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটের ওয়েবসাইট www.customs.sylhetdiv.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে http://sylvat.teletalk.com.bd ওয়েবসাইটে, এছাড়াও বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.customs.sylhetdiv.gov.bd ওয়েবসাইট ও নোটিশ বোর্ড হতে জানা যাবে।
(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbd Teletalk মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name : SYLVAT; Post Name ** * Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।
(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য এবং প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৪. প্রার্থীর যোগ্যতা যাচাই :
(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১-৭) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:
১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. ক্রমিক নং-৬ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

১৫. একজন প্রার্থী যে কোনো ০১ (এক)টি পদের জন্য আবেদন করতে পারবেন।

১৬. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে। নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ সংশোধন/পরিবর্তন/বাতিল করার ক্ষমতা এবং পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩/০১/২৪

(মোঃ জাহাঙ্গীর আলম)
যুগ্ম কমিশনার
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট